# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৩০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৩১]

পর্ব-১৮: ভয়কালীন সালাত (كتاب صلاة الخوف)

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عَلِيٍّ، قال: حَدَّثَنَا يَحْيَى، قال: حَدَّثَنَا سُفْيَانُ، قال: حَدَّثَنِي أَشْعَثُ بْنُ سُلَيْمٍ، عَنِ الْأَسْوَدِ بْنِ هِلَالٍ، عَنْ ثَعْلَبَةَ بْنِ زَهْدَمٍ، قال: كُنَّا مَعَ سَعِيدِ بْنِ الْعَاصِي بِطَبَرِسْتَانَ، فَقَالَ: أَيُّكُمْ صَلَّى مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْخَوْفِ ؟ فَقَالَ حُذَيْفَةُ: أَنَا، فَقَامَ حُذَيْفَةُ فَصَفَّ النَّاسُ خَلْفَهُ صَفَّيْنِ صَفًّا خَلْفَهُ وَصَفًّا مُوَازِيَ الْعَدُوِّ، فَصَلَّى بِالَّذِي خَلْفَهُ رَكْعَةً ثُمَّ انْصَرَفَ هَؤُلَاءِ إِلَى مَكَانِ هَؤُلَاءِ، وَجَاءَ أُولَئِكَ فَصَلَّى بِهِمْ رَكْعَةً وَلَمْ يَقْضُوا .

تخريج دارالدعوه: انظر ما قبله (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1531 - صحيح

বাংলা

১৫৩০. ‘আমর ইবনু 'আলী (রহ.) ..... সা'লাবাহ্ ইবনু যাহদাম (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা সা'ঈদ ইবনুল আসী (রাঃ)-এর সাথে ত্ববারিস্তানে ছিলাম। তখন তিনি বলেন, তোমাদের মধ্যে কে রসূলুল্লাহ (সা.) -এর সাথে ভয়কালীন সালাত আদায় করেছো? হুযায়ফাহ (রাঃ) বললেন, আমি। এরপর তিনি দাঁড়ালেন ও মানুষ তার পিছনে দু' কাতারবন্দী হয়ে দাঁড়িয়ে গেল। এক কাতার তার পিছনে ও অন্য কাতার শত্রুর মুখোমুখি। তখন তিনি যারা তার পিছনে ছিল তাদের নিয়ে এক রাকআত সালাত আদায় করলেন। এরপর এরা (শত্রুর মুখোমুখি) জায়গায় চলে গেল এবং তারা আসলো। তখন তিনি তাদের নিয়ে এক রাক’আত সালাত আদায় করলেন এবং তারা আর দ্বিতীয় রাকআত আদায় করেনি।

## English

It was narrated that Tha'labah bin Zahdam said: We were with Sa'eed bin Al-

'Asi in Tabaristan, and Hudhaifah bin Al-Yaman was with us. He said: 'Which of you offered the fear prayer with the Messenger of Allah (ﷺ)?' Hudhaifah said: 'I did.' So Hudhaifah stood and the people formed two rows behind him, one row behind him and one row facing the enemy. He led those who were behind him in praying one rak'ah, then they went and took the place of the others, and the others came and he led them in praying one rak'ah, and they did not make it up.

## ফুটনোট

সহীহ: আবু দাউদ ১২৪৬, মুসনাদে আহমাদ ২৩৩১৬, সহীহ ইবনু খুযায়মাহ ১৩৪৩, ইরওয়াউল গালীল ৩/৪৪. সহীহ আবূ দাউদ ১১৩৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ সা'লাবাহ্ ইবনু যাহদাম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90026

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন